৪৭

ভোরের কাগজ

তারিখ ... 12 JUL 1998 ...
পৃষ্ঠা ৭ কলাম ৮

ভর্তি বিষয়ক

# ঘরে বসেই এখন এইচএসসি পরীক্ষা

মেজবাহউদ্দিন তুহিন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এ বছরের জুলাই মাস থেকে চালু করছে এইচএসসি প্রোগ্রাম। যেকোনো বয়সের শিক্ষার্থী তার ইচ্ছামতো সময়ে পছন্দমতো বিষয়ে আপনগতিতে এখান থেকে এইচএসসি পাস করার সুযোগ পাবে।

**ভর্তি প্রক্রিয়া** : বাউবির প্রতিটি ভর্তির বিজ্ঞপ্তি পত্রিকা ও বাউবির বেতার-টিভির খবরের মাধ্যমে জানা যায়। ভর্তির যোগ্যতা এসএসসি বা সমমান। সার্কুলার প্রকাশের পর ব্যাংকের বিভিন্ন শাখা ও টিউটোরিয়াল/স্থানীয় কেন্দ্র থেকে ভর্তি ফরম সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের মূল্য ৫০ টাকা। এছাড়া ভর্তি ও পড়াশোনাসংক্রান্ত যাবতীয় তথ্যাদি টিউটোরিয়াল কেন্দ্র/স্থানীয় কেন্দ্র এবং রিজিওনাল রিসোর্স সেন্টারসমূহ থেকে জানানো হয়।

**এইচএসসি প্রোগ্রাম শীর্ষক ওয়ার্কশপ** : বাউবি কর্তৃপক্ষ এইচএসসি প্রোগ্রাম চালু উপলক্ষে সম্প্রতি ঢাকাস্থ নায়েম ভবনে টিউটোরিয়াল কেন্দ্র সমন্বয়কারীদের এক কর্মশিবিরের আয়োজন করে। কর্মশিবিরে এইচএসসি প্রোগ্রামের ভর্তি প্রক্রিয়া, পাঠদান প্রক্রিয়া, পরীক্ষা প্রক্রিয়া, প্রোগ্রাম পরিচালনায় কোঅর্ডিনেটরদের ভূমিকা, শিক্ষার্থীদের সুযোগ-সুবিধা এবং ঘরে বসেই যাতে শিক্ষার্থীরা তাদের লেখাপড়া চালাতে পারে এ সম্পর্কে আলোচনা করা হয়। ভবিষ্যতে কম্পিউটারের মাধ্যমে, মিডিয়ার সাহায্যে শিক্ষার্থীরা যাতে ঘরে বসেই অথবা টিউটোরিয়াল কেন্দ্রে বসে একই সঙ্গে লেখাপড়া চালাতে পারে সে চিন্তা-ভাবনাও চলছে।

**এইচএসসি প্রোগ্রামে ব্যয়** : এইচএসসি প্রোগ্রামে রয়েছে মোট ১০+২=১২টি কোর্স। প্রতি কোর্সের জন্য ৩০০ টাকা করে দিতে হয়। এছাড়া পুনরায় পরীক্ষা ফি বাবদ ৫০ টাকা, সনদপত্র ১৫০ টাকা, সাময়িক সনদপত্র ৬০ টাকা, প্রশংসাপত্র ২৫ টাকা ও নম্বরপত্র বাবদ ৬০ টাকার প্রয়োজন হয়।



**শিক্ষাব্যবস্থা** : বাউবির এইচএসসি প্রোগ্রাম প্রাথমিকভাবে মানবিক শাখা নিয়ে শুরু হচ্ছে। পরবর্তীকালে পর্যায়ক্রমে অন্যান্য শাখা খোলা হবে বলে জানা গেছে। এই প্রোগ্রামে মোট কোর্স ১২টি। আবশ্যিক কোর্স ১০টি এবং ঐচ্ছিক দুটি। বাংলা, ইংরেজি, অর্থনীতি, পৌরনীতি ও ইতিহাস/ইসলামের ইতিহাস প্রত্যেকটির দুটি করে পার্ট রয়েছে।

**বাউবির আঞ্চলিক কেন্দ্রসমূহের ঠিকানা**

**আঞ্চলিক কেন্দ্র** : বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গভঃ ল্যাবরেটরি স্কুল রোড, ধানমন্ডি, ঢাকা। ফোন : (০২) ৫০১১২৬, ৫০২০৭৩।

**আঞ্চলিক কেন্দ্র** : বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, (ননানীস্থ বিএডিসি ওয়ার্কশপের পূর্ব পার্শ্বে), বিশ্বরোড, বনানী, বগুড়া-৫৮০০। ফোন : (০৫১) ৪৪৩৫।

**আঞ্চলিক কেন্দ্র** : বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, খুলনা। (চালুর অপেক্ষায়)

**আঞ্চলিক কেন্দ্র** : বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, টিটি কলেজ ক্যাম্পাস, জেল রোড, যশোর। ফোন : (০৪২১) ৫৪১১।

**আঞ্চলিক কেন্দ্র** : বালংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, আর কে রোড (কেন্দ্রীয় বাস টার্মিনালসংলগ্ন)। রংপুর, ফোন : ০৫২১/৩৫৯৩।